

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৩০

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن لغيره) وَعَنْ ابن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صلَّلَى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ قال: عجب ربنا تعالى من رجلين رجل ثار عن وطائه ولحافه من بين أهله وحبه إلى صلاته فيقول الله جل وعلا انظروا إلى عبدي ثار عن فراشه ووطائه من بين حبه وأهله إلى صلاته رغبة فيما عندي وشفقة مما عندي، ورجل غزا في سبيل الله وانهزم أصحابه وعلم ما عليه في الانهزام وما له في الرجوع فرجع حتى يهريق دمه فيقول الله انظروا إلى عبدي رجع رجاء فيما عندي وشفقة مما عندي حتى يهريق دمه. رواه أحمد وأبو يعلى والطبراني وابن حبان في صحيحه

বাংলা

৬৩০. (হাসান লি গাইরিহী) ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "দুজন মানুষের কাজে আমাদের পালনকর্তা আশ্চর্য হন। এক ব্যক্তি নরম বিছানা ছেড়ে লেপের নীচে থেকে লাফ দিয়ে বের হয়, নিজের স্ত্রী ও প্রিয়তম ব্যক্তিদের ছেড়ে নামাযের দিকে অগ্রসর হয়। তখন মহিমান্বিত সুমহান আল্লাহ্ বলেনঃ হে আমার ফেরেশতাকুল! দেখো আমার বান্দাকে, নরম বিছানা ছেড়ে উঠে পড়েছে, স্ত্রী ও প্রিয়জন ছেড়ে নামাযের প্রতি অগ্রসর হয়েছে- আমার কাছে যা আছে তা পাওয়ার আগ্রহে, আমার কাছে যে শাস্তি আছে তার ভয়ে। আরেক ব্যক্তি আল্লাহর পথে যুদ্ধ করেছে। তার সাথীরা পরাজিত হয়েছে। সে জেনেছে যে পরাজিত হলে কি বিপদ আসতে পারে এবং যুদ্ধে ফেরত গেলে কি পুরস্কার পাবে, তখন সে যুদ্ধে ফেরত আসে এমনকি (সে নিহত হয়) তার রক্ত প্রবাহিত করা হয়। তখন আল্লাহ্ ফেরেশতাদেরকে বলেন, দেখো আমার বান্দাকে সে যুদ্ধের ময়দানে ফেরত এসেছে- আমার কাছে যে পুরস্কার আছে তা পাওয়ার আশায় এবং আমার কাছে যে শাস্তি আছে তার ভয়ে- শেষ পর্যন্ত নিজের রক্ত প্রবাহিত করে দিয়েছে।"

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ১/৪১৬, আবু ইয়া'লা, ত্বাবরানী ও ইবনে হিব্বান ২৫৪৮)



(সহীহ লি গাইরিহী মাওকৃফ) ত্বাবরানী মাওকৃফ সূত্রে হাসান সনদে হাদীছটি বর্ণনা করেন। তার বাক্য এরূপঃ

إِنَّ اللَّهَ يَضْحَكُ إِلَى رَجُلِيْنِ، رَجُلِ قَامَ فِي لَيْلَةٍ بَارِدَةٍ مِنْ فِرَاشِهِ وَلِحَافِهِ وَدِثَارِهِ فَتَوَضَّأَ، ثُمَّ قَامَ إِلَى صَلاةٍ، فَيَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ لِمَلائِكَتِهِ مَا حَمَلَ عَبْدِي هَذَا عَلَى مَا صَنَعَ؟ فَيَقُولُونَ: رَبَّنَا رَجَاءَ مَا عِنْدَكَ، وَشَفَقَةً مِمَّا عِنْدَكَ، ،فَيَقُولُ: فَإِنَّى قَدْ أَعْطَيْتُهُ مَا رَجَا وَأَمَّنْتُهُ مِمَّا يَخَافَ

"দু'জন লোকের কাজে আল্লাহ্ হাসেন। একজন লোক ঠান্ডার রাতে নিজের বিছানা, লেপ ও গাত্রাবরণ ছেড়ে উঠে দাঁড়ায়, ওযু করে তারপর নামাযে দন্ডায়মান হয়। তখন মহাসম্মানিত আল্লাহ্ ফেরেশতাদেরকে বলেনঃ আমার বান্দা যা করেছে তাতে তাকে কিসে উদ্বুদ্ধ করল? তাঁরা বলেন, হে আমাদের পালনকর্তা! আপনার কাছে যে পুরস্কার আছে তা পাওয়ার আশায় এবং আপনার কাছে যে অনুগ্রহ ও দান আছে তা লাভের আকাংখায়। তখন তিনি বলেনঃ অতএব সে যা আশা করেছে আমি তাকে তা দিয়ে দিলাম। যাকে সে ভয় করে তা থেকে তাকে নিরাপদ করলাম।" এরপর তিনি হাদীছের অবশিষ্টাংশ উল্লেখ করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন